# বিশেষ অনুশীলন-১

**দশম শ্রেণি** **বিষয় কোডঃ ১৪৬**

**সময়ঃ ১ ঘন্টা ~~২০~~ 15 মিনিট** **বিষয়ঃ হিসাববিজ্ঞান (সৃজনশীল +বহুনির্বাচনি)** (অধ্যায়-২, ৬, ৭, ১১) **পূর্ণমান - ৫০**

**[ বিঃ দ্রঃ সকল প্রশ্নের উত্তর দিতে হবে ।]**

**সৃজনশীল অংশ:**

১। মি. আজমত একজন খুচরা ব্যবসায়ী । ২০১৯ সালের জানুয়ারি মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয়:

২০১৯ইং

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | নগদ ৩৫,০০০ টাকা এবং ব্যাংক তহবিল ২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। |
| ” | ৩ | নগদে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা। |
| ” | ৫ | পণ্য বিক্রয় ৬০,০০০ টাকা যার ৫০% চেকে পাওয়া গেল। |
| ” | ৭ | যন্ত্রপাতির ওপর ১৫,০০০ টাকা অবচয় ধার্য করা হল। |
| ” | ১০ | আমাদের পাওনা বা প্রাপ্য ৭,০০০ টাকার পূর্ণ নিস্পত্তিতে ৬,৫০০ টাকা পাওয়া গেল। |
| ” | ১৩ | ৫ তারিখের চেকটি প্রত্যাখ্যাত হলো। |
| ” | ১৭ | ব্যবসায়ের জন্য আসবাবপত্র ক্রয়ের অর্ডার দেওয়া হল ৯,০০০ টাকা। |
| ” | ২০ | অফিসের জন্য ক্যালকুলেটর ক্রয় ১,২০০ টাকা। |
| ” | ২৩ | জামালকে ৫,৫০০ টাকার পূর্ণ নিস্পত্তিতে ৫,২০০ টাকা প্রদান। |
| ” | ২৫ | জমিরের নিকট হতে পণ্য ক্রয় ৬,০০০ টাকা । |
| ” | ৩১ | মালিক কর্তৃক কারবারে নতুন মুলধন বিনিয়োগ করা হল ২৫,০০০ টাকা। |

ক. নগদান বইতে অন্তর্ভূক্ত হবে না এরুপ লেনদেনগুলোর অর্থের পরিমাণ নির্ণয় কর । ২

খ. লেনদেনসমূহের ভিত্তিতে নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

গ. লেনদেনসমূহের ভিত্তিতে নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

২। চাঁদ এন্ড কোং ১,০০,০০০ ইট প্রস্তুত করতে নিম্নোক্ত খরচগুলো করে :

| | |
|---|---|
| মাটি ক্রয় | ২,২০,০০০ |
| মাটি আনার জন্য ট্রাক ভাড়া | ৬০,০০০ |
| ইট পোড়ানোর খরচ | ৭০,০০০ |
| শ্রমিকের মজুরি | ৪০,০০০ |
| মাটি ছানা করার খরচ | ২০,০০০ |
| ইটখোলার ভাড়া | ১০,০০০ |
| ইটের বিজ্ঞাপন ব্যয় | ৮,০০০ |
| অফিস খরচ | ৬,০০০ |
| ইট বিক্রয়কেন্দ্রে নেয়ার খরচ | ৭,০০০ |

(ক) চাঁদ এন্ড কোং- এর মুখ্য ব্যয় নির্ণয় কর । ২

(খ) চাঁদ এন্ড কোং এর মোট ব্যয় নির্ণয় কর । ৪

(গ) মোট ব্যয় ৩,৮০,০০০ টাকা ধরে বিক্রয়ের উপর ২৫% লাভে ইট বিক্রয় করা হলে ১টি ইটের বিক্রয়মূল্য কত ? ৪

**বহুনির্বাচনি অংশ:** **১ × ৩০ = ৩০**

*নিম্নের তথ্য থেকে ১,২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাওঃ

জনাব মনির হোসেন ১ জানুয়ারি ২০১৯তারিখে ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন । দীপক- এর নিকট বিক্রয়কৃত ১০,০০০ টাকার পণ্যের মধ্যে ৩,০০০ টাকার পণ্য ফেরত এসেছে। তিনি ব্যক্তিগতভাবে একটি স্কুলে ২,০০০ টাকা অনুদান দিলেন ।

১। ১৫০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করার হিসাব সমীকরণের কোন উপাদানে প্রভাব পড়বে?

(ক) সম্পদে (খ) দায়ে (গ) সম্পদ ও দায়ে (ঘ) সম্পদ ও মালিকানা স্বত্বে

২। দীপক- এর নিকট থেকে বিক্রীত পণ্য ফেরত আসায় জনাব মনির যে নোট প্রস্তুত করেন তা হলো -

(ক) ডেবিট নোট (খ) ক্রেডিট নোট (গ) প্রাপ্য নোট (ঘ) প্রদেয় নোট

৩। স্কুলে ২,০০০ টাকা অনুদান দেয়ায় ব্যবসায় পরিবর্তন হবে-

(ক) সম্পদ কমবে (খ) মূলধন কমবে (গ) সুনাম বাড়বে (ঘ) ব্যবসায় কোনো প্রভাব পড়বে না।

৪। হিসাববিজ্ঞানের মূলভিত্তি কী ?

(ক) লেনদেন (খ) চালান (গ) ক্রয় বই (ঘ) জাবেদা

৫। অদৃশ্য আর্থিক ঘটনাকে কী বলা হয় ?

(ক) লেনদেন (খ) হিসাব (গ) ঘটনা (ঘ) সম্ভাব্য লেনদেন

৬। লেনদেন হিসেবে অভিহিত করা যায়-

(i) অর্থের দ্বারা পরিমাপযোগ্য ঘটনাকে
(ii) আর্থিক অবস্থার পরিবর্তন করে এমন ঘটনাকে
(iii) অদৃশ্য আর্থিক ঘটনাকে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭। লেনদেনের বৈশিষ্ট্য কয়টি ?

(ক) ৫টি (খ) ৬টি (গ) ৭টি (ঘ) ৮টি

৮। মেশিনের অবচয় ধার্য করা হলো ৪০০ টাকা । এটি কোন ধরনের লেনদেন ?

(ক) নগদ লেনদেন (খ) বকেয়া লেনদেন (গ) দৃশ্যমান লেনদেন (ঘ) অদৃশ্যমান লেনদেন

*নিম্নের তথ্য থেকে ৯, ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাওঃ

জনাব ইশমাম জুন ২০১৯ তারিখে ৫৫,০০০ টাকার মজুদ পণ্য নিয়ে ঢাকার বেইলি রোডে একটি ফাস্টফুডের দোকান দেন। উক্ত মাসে তার ব্যবসায় প্রতিষ্ঠানে নিম্নোক্ত নেলদেনগুলো সম্পাদিত হয় ঃ

| | | |
|---|---|---|
| জুন | ৫ | ঃ শাহেদের নিকট বিক্রয় ৫,০০০ টাকা । |
| ” | ১২ | ঃ পণ্য বিক্রয় ১২,০০০ টাকা । |
| ” | ২০ | ঃ ধারে পণ্য বিক্রয় ৩৫,৫০০ টাকা । |
| ” | ২৩ | ঃ রাফির নিকট থেকে নগদে প্রাপ্তি ৫,৪০০ টাকা । |
| ” | ২৮ | ঃ পণ্য ফেরত দেয়া হলো ৩,৪০০ টাকা । |

৯। উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে কোন লেনদেনটি জনাব ইশমামের প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ হবে?

(ক) নগদে বিক্রয় (খ) নগদে ক্রয় (গ) পণ্য ফেরত দেয়া (ঘ) মজুদ পণ্য

১০। উপর্যুক্ত তথ্যের ৫ ও ২০ তারিখের লেনদেনগুলো কোন জাবেদা বইয়ে সংরক্ষণ করা হবে?

(ক) ক্রয় জাবেদায় (খ) ক্রয় ফেরত জাবেদায় (গ) বিক্রয় জাবেদায় (ঘ) বিক্রয় ফেরত জাবেদায়

১১। জনাব ইশমাম পণ্য ফেরত দেয়ার সময় প্রস্তুত করবেন-

(ক) ডেবিট নোট (খ) ক্রেডিট নোট (গ) ডেবিট ভাউচার (ঘ) ক্রেডিট ভাউচার

১২। হিসাবের ডেবিট ও ক্রেডিট টাকার অঙ্ক সমান হয় কখন ?

(ক) বছরের শুরুতে (খ) বছরের মাঝামাঝিতে (গ) বছরের শেষে (ঘ) বছরের যে কোনো সময়ে

১৩। জনাব আকবর অফিসের কর্মচারীকে ৩০,০০০ টাকা বেতন প্রদান করলেন । উক্ত লেনদেনটি তিনি কীভাবে লিপিবদ্ধ করবেন ?

(ক) নগদান হিসাব ডেবিট আকবর হিসাব ক্রেডিট
(খ) নগদান হিসাব ডেবিট বেতন হিসাব ক্রেডিট
(গ) বেতন হিসাব ডেবিট নগদান হিসাব ক্রেডিট
(ঘ) কর্মচারী হিসাব ডেবিট আকবর হিসাব ক্রেডিট

১৪। বিলম্বিত বিজ্ঞাপন কোন প্রকার হিসাব ?

(ক) আয়বাচক (খ) ব্যয়বাচক (গ) ব্যক্তিবাচক (ঘ) সম্পত্তিবাচক

১৫। একটি প্রতিষ্ঠানের মোট সম্পত্তি ৬০,০০০ টাকা । দায় মোট সম্পত্তির ১ / ২ অংশ । কারবারের স্বত্বাধিকারীর পরিমাণ কত?

(ক) ৬০,০০০ টাকা (খ) ৪৫,০০০ টাকা (গ) ৪০,০০০ টাকা (ঘ) ৩০০০০ টাকা

১৬। উৎপাদন ব্যয় নির্ণয়ের উদ্দেশ্য হলো

(i) লাভ-ক্ষতি নির্ণয় করা
(ii) মজুদ পণ্যের মূল্য নির্ধারণ করা
(iii) বিক্রয়মূল্য নির্ধারণ করা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৭। বিক্রয় ফেরত জাবেদার উৎস দলিল-

(ক) ডেবিট নোট (খ) ক্রেডিট নোট (গ) ডেবিট ভাউচার (ঘ) ক্রেডিট ভাউচার

১৮। কোন দাখিলার মাধ্যমে আয়- ব্যয় হিসাব বন্ধ করা হয় ?

(ক) প্রারম্ভিক দাখিলা (খ) স্থানান্তর দাখিলা (গ) সমন্বয় দাখিলা (ঘ) সমাপনী দাখিলা

১৯। কী কারণে লেনদেন সংঘটিত হয়েছে সে তথ্য কোথা থেকে জানা যায় ?

(ক) জাবেদা (খ) রেওয়ামিল (গ) নগদান বই (ঘ) লাভ-লোকসান

২০। দোকান হতে পণ্য চুরি হলে কোন হিসাব ক্রেডিট হবে?

(ক) ক্রয় হিসাব (খ) নগদান হিসাব (গ) পণ্য হিসাব (ঘ) চুরি হিসাব

২১। ‘ আসবাবপত্রের উপর অবচয় ধার্য করা হলো ’ -এক্ষেত্রে জাবেদা হবে কোনটি?

(ক) অবচয় হিসাব ডেবিট; পুঞ্জীভূত অবচয় হিসাব ক্রেডিট (খ) অবচয় হিসাব ডেবিট; আসবাবপত্র হিসাব ক্রেডিট
(গ) আসবাবপত্র হিসাব ডেবিট; অবচয় হিসাব ক্রেডিট (ঘ) পুঞ্জীভূত অবচয় হিসাব ডেবিট; অবচয় হিসাব ক্রেডিট

২২। দ্রুত দেনা- পাওনা নিস্পত্তিতে যে নগদ টাকা ছাড় দেয়া হয় তা কী হিসেবে গণ্য হবে?

(ক) প্রদত্ত বাট্টা (খ) প্রাপ্ত বাট্টা গ) লাভ (ঘ) ক্ষতি

২৩। বি/ডি দ্বারা কী বুঝায় ?

(ক) উপর থেকে নিচে (খ) নিচে নীত (গ) উপর থেকে আনীত (ঘ) পেছন থেকে আনীত

২৪। নিচের কোনটি হ্রাস পেলে ক্রেডিট হয়?

(i) সম্পদ
(ii) ব্যয়
(iii) দায়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫। ব্যাংক থেকে উত্তোলন ৫০০ টাকা । লেনদেনটির জন্য সঠিক দাখিলা হবে -

(i) উত্তোলন হিসাব ডেবিট, ব্যাংক হিসাব ক্রেডিট

(ii) নগদান হিসাব ডেবিট, ব্যাাংক হিসাব ক্রেডিট

(iii) ব্যাাংক হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬। কারবার থেকে ৫০০ টাকার পণ্য উত্তোলন করলে জাবেদায় কী ক্রেডিট করতে হবে ?

(ক) নগদান হিসাব (খ) উত্তোলন হিসাব (গ) পণ্য হিসাব (ঘ) ক্রয় হিসাব

২৭। নিচের কোনটি খতিয়ান ?

(ক) জাবেদা বই (খ) নগদান হিসাব (গ) আর্থিক বিবরণী (ঘ) রেওয়ামিল

২৮। নিচের কোনটির ভিত্তিতে হিসাবরক্ষক পাওনা আদায়ের জন্য তাগাদা দেন?

(ক) জাবেদা (খ) খতিয়ান (গ) নগদান বই (ঘ) রেওয়ামিল

২৯। মুখ্য ব্যয় + মোট উপরি ব্যয় = কোনটি?

(ক) মোট ব্যয় (খ) কারখানার ব্যয় (গ) উৎপাদন ব্যয় (ঘ) বিক্রয়মূল্য

৩০। কোনটি পরোক্ষ কাঁচামালের উদাহরণ ?

(ক) তারকাটা (খ) কাঠ (গ) জুতার জন্য চামড়া (ঘ) মজুরি